

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-৪ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৬ অগ্রহায়ণ, ১৪২৬/০১ ডিসেম্বর, ২০১৯

নং ০৫.০০.০০০০.১৭৩.২২.০০৩.১৯-২৩০—সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি '২' এর অনুচ্ছেদ (গ) তে প্রদত্ত ক্ষমতাবলে ইতৎপূর্বে জারীকৃত স্মারক নং সম (বিধি-৪)-শঃঃ আঃ-২৮/২০০৮-১৪৬ তারিখ ২১ ভাদ্র ১৪১২/৫ সেপ্টেম্বর ২০০৫ বাতিলক্রমে রাষ্ট্রপতি সদয় হইয়া নিম্নোক্ত তফসিলের ১ নং কলামে উল্লিখিত কর্মকর্তাদেরকে ২ নং কলামে উল্লিখিত বিধিমালার ক্ষমতাসমূহ ত ৩ নং কলামে প্রদর্শিত সরকারি কর্মচারীদের ক্ষেত্রে কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের এক্ষতিয়ার অর্পণ করিলেন :—

তফসিল

যাহাদের কর্তৃপক্ষের ক্ষমতা প্রয়োগের এক্ষতিয়ার অর্পণ করা হইয়াছে	যে সকল বিধির ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন	যে সকল সরকারি কর্মচারীর সম্পর্কে ক্ষমতা প্রয়োগ করা যাইবে
১	২	৩
সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব	সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৬ এর উপ-বিধি (১), (২), (৩), (৪), (৫) ও (৬) এবং বিধি-৭ এর উপ-বিধি (১), (২), (৩), (৪), (৫), (৬), (৭), (৮), (৯) ও (১০) এবং ১২ নং বিধির উপ-বিধি (১) এ প্রদত্ত ক্ষমতা।	যে সকল সরকারি কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি এবং যাহাদের বেতন জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ অনুযায়ী তৃতীয় গ্রেডের (টাকা ৫৬,৫০০—৭৪,৮০০) নিম্নে। স্মারক নং সম (বিধি-৪)-শঃঃ আঃ-২৮/২০০৮-১৪৬ তারিখ ২১ ভাদ্র ১৪১২/৫ সেপ্টেম্বর ২০০৫-এ যে ক্ষমতা প্রয়োগের বিধান ছিল তদনুযায়ী কোনো বিভাগীয় কার্যক্রম শুরু হইয়া থাকিলে উক্ত বিভাগীয় মামলা নিষ্পত্তির প্রশ্নে এই আদেশ কোনো প্রতিবন্ধকর্তার সৃষ্টি করিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফয়েজ আহমেদ
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৫৭৬১)

মূল্য : টাকা ৮.০০